গাংনীতে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে মতবিনিময় সভা

‘নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ’ প্রতিপাদ্য নিয়ে উপজেলা মৎস্য চাষ উন্নয়ন কমিটি ও গণমাধ্যমকর্মীদের সাথে মতবিনিময় সভার মধ্যে দিয়ে মেহেরপুরের গাংনীতে মৎস্য সপ্তাহ-২০২৩ এর উদ্বোধন করা হয়েছে।
আজ সোমবার (২৪ জুলাই) সকাল সাড়ে ১০ টার সময় জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উপলক্ষে গাংনী প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমানের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, জাতীয় সংদস্যের প্রতিনিধি মনিরুজ্জামান আতু, গাংনী উপজেলা সমাজ সেবা অফিসার আরশাদ আলী, পল্লী উন্নয়ন অফিসার শাহ আলম, গাংনী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, যুব উন্নয়ন অফিসার আসাদুজ্জামান প্রমুখ।
মতবিনিময় সভার শুরুতে মৎস্য সপ্তাহের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরে শুভেচ্ছা বক্তব্য রাখেন, উপজেলা মৎস্য অফিসার খোন্দকার শহিদুর রহমান।

মৎস্য সম্পদের সুরক্ষা ও সমৃদ্ধি অর্জনে মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহিত কার্যক্রম বিষয়ে মতবিনিময় করা হয়। এসময় মৎস্য সপ্তাহের কর্মসূচি ঘোষনা করেন।
কর্মসূচির মধ্যে রয়েছে, মৎস্যচাষে উদ্বুদ্ধ করতে ব্যাপক প্রচার প্রচারণা, মাছের পোনা অবমুক্তকরণ, মাছ উৎপাদনে করণীয় বিষয় নিয়ে বক্তব্য উপস্থাপন করা হয়।
এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম , সাংবাদিক মাজেদুল হক মানিক প্রমুখ।

উপজেলা মৎস্য বিভাগের কর্মকর্তা-কর্মচারীসহ সভায় গাংনী উপজেলা মৎস্য চাষ উন্নয়ন কমিটির সদস্যবৃন্দ এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিভিন্ন মেয়াদে সাজাপ্রাপ্তসহ ১৫ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মেয়াদে সাজাপ্রাপ্তসহ ৬ জনসহ মোট ১৫ আসামি গ্রেফতার হয়েছেন।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ বছরের সাজাপ্রাপ্ত ৪ ও ৬ মাসের সাজাপ্রাপ্ত ১ জনসহ বিভিন্ন মামলায় ১০ জন আসামি, সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলা ৪ আসামি ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১০ মাসের সাজাপ্রাপ্ত ১ জন আসামি রয়েছে।

গতকাল রবিবার দিবাগত রাতে আজ সোমবার (২৪ জুলাই) ভোররাত পর্যন্ত জেলার তিনটি থানার পৃথক টিম পৃথকভাবে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসের নেতৃত্বে পুলিশের টিম গ্রেফতার অভিযানে অংশ নেন। সংশ্লিষ্ট থানা সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতদের আজ সোমবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠা বার্ষিকীর প্রস্তুতি সভা

আগামি ২৭ জুলাই স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের প্রস্তুতি সভার আয়োজন করা হয়।

গতকাল রবিবার বিকালে মেহেরপুর জেলা আওয়ামী লীগের প্রধান কার্যালয়ে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রস্তুতি সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলাম সোবাহানের সভাপতিত্বে জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজনের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক লীগের সহসভাপতি সোয়েব রহমান, সদর থানা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক সানোয়ার হোসেন, মেহেরপুর পৌর স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব শাহিন ইসলাম তানিম, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শরীফ রেজা পান্না, মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক মতিয়ার রহমান মতিন, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব জীবন আকবার, মেহেরপুর সদর থানা আমঝুপি ইউনিয়নের সভাপতি মিনারুল ইসলাম সহ জেলা এবং উপজেলা পর্যায়ে বিভিন্ন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এ সময় ২৭ জুলাই স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগ বিভিন্ন কর্মসূচি হাতে নিয়ে তারই ধারাবাহিকতায় প্রস্তুতি সভার আয়োজন করা হয়।

মেহেরপুর সরকারি শিশু পরিবার (বালক) এর মাঝে মেধাবৃত্তির চেক বিতরণ

মেহেরপুরে সরকারি শিশু পরিবার (বালক) এর নিবাশীদের মাঝে মেধাবৃত্তির চেক বিতরণের আয়োজন করা হয়। গতকাল রবিবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে চেক বিতরণের আয়োজন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

অন্যদের মধ্যেও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের (ভারপ্রাপ্ত) উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি।

মেহেরপুর সরকারি শিশু পরিবার (বালক) মাধ্যমিক পর্যায়ে ৯ জনকে ১২ হাজার টাকার চেক এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ের ৭ জনকে ৩০ হাজার টাকার চেক প্রদান করা হয়। মোট ৩ লক্ষ ১৮ হাজার টাকার চেক।

কেন্দ্রীয় মহাসমাবেশ সফল করার লক্ষে মুজিবনগরে বিএনপির গণসংযোগ

২৭ শে জুলাই বিএনপির মহাসমাবেশ সফল করার লক্ষে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের বিভিন্ন গ্রামে গণসংযোগ করেছেন বিএনপির নেতাকর্মীরা।

আজ বিকালে মেহেরপুর জেলা বিএনপির সহসভাপতি আলমগীর খান ছাতু নেতৃত্বে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের বিভিন্ন গ্রামে গণসংযোগকালে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সহসভাপতি ওমর ফারুক লিটন, যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, সহসাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন,জেলা যুবদলের সহসভাপতি আনিসুর রহমান লাবলু,

যুগ্ম সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল, সাংগঠনিক সম্পাদক আসাদুল ইসলাম, জেলা জিয়া মঞ্চের আহবায়ক এ্যাডঃ নজরুল ইসলাম, সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জিয়া প্রজন্ম দলের সদস্য সচিব ইসমাইল হোসেন, ছাত্রদল নেতা ইয়াসিন, বাছিম প্রমুখ।

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসককে বরন করলো মেহেরপুরের ক্লাব ৯৩

রবিবার (২৩ জুলাই) বিকাল ছয়টায় ঐতিহাসিক মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্প মাল্য অর্পণ করেন মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক শামীম হাসান।

এরপর তিনি এসএসসি -১৯৯৩ ব্যাচের পক্ষ থেকে ফুলেল শুভেচছা গ্রহন করেন। ক্লাব ৯৩ মেহেরপুরের সভাপতি ও মুজিবনগর খবর ডটকম এর উপদেষ্টা সম্পাদক আসফারুল হাসান সুমনের নেতৃত্বে ক্লাব ৯৩ এর প্রতিনিধিরা এসময় নবাগত জেলা প্রশাসককে ফুল দিয়ে স্বাগত জানান।

প্রবাস ফেরতের বাড়িতে চুরি করতে গিয়ে দামুড়হুদার আলামিন ধরাশয়ি

মেহেরপুর সদর উপজেলার চাঁদবীল গ্রামে প্রবাস ফেরতের বাড়িতে চুরি করতে গিয়ে জনতার পিটুণী খেয়ে হাসপাতালে ভর্তি হয়েছে আলামিন হোসেন (৩৫) নামের এক চোর।

লামিন হোসেন চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার রামনগর গ্রামের ইলিয়াছ হোসেনের ছেলে।

আজ রবিবার বিকাল সাড়ে তিনটার দিকে চাঁদবীল গ্রামের মালেশিয়া প্রবাস ফেরত খোকনের বাড়িতে চুরি করতে গিয়ে জনতার হাতে ধরা পড়ে আলামিন। পরে তাকে বেদম উত্তম মাধ্যম দিয়ে সদর থানা পুলিশের হাতে তুলে দেন।

মেহেরপুর সদর থানা পুলিশ তাকে নিয়ে এসে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি হয়।

হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক মাসুদ জানান, তার মাথা ফেটে গেছে। এছাড়া শরীরের অসংখ্য স্থানে ফোলা জখম রয়েছে। তাকে পুলিশী প্রহরায় ভর্তি রাখা হয়েছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, স্থানীয় গ্রামবাসি তাকে চুরির অপরাধে ধরে গণপিটুনী দিয়ে পুলিশে সোপর্দ করেছে। তাকে আহতাবস্থায় মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। সুস্থ্য হয়ে উঠলে আইনি প্রক্রিয়া শুরু হবে।

সম্প্রতি সময়ে একই গ্রামের ওমর আলীর ও আমিনুল ইসলামের বাড়িতে চুরি সংঘটিত হয়েছে।

উল্লেখ্য, চোর আলামিন হোসেন মোটরসাইকেলে চড়ে বিভিন্ন এলাকায় চুরি করে বেড়াই বলে প্রাথমিকভাবে স্বীকার করেছে।

মেহেরপুরে কাঁঠাল গাছের পাতা কাটতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্টে আহত

ছাগলের জন্য কাঁঠাল গাছের পাতা কাটতে গিয়ে বিদ্যুস্পৃষ্ট হয়ে নাইম হোসেন (১৩) এখন হাসপাতালে। নাইম হোসেন মেহেরপুর সদর

উপজেলার দীঘিরপাড়া গ্রামের জাহাঙ্গীর হোসেনের ছেলে।

নাইম হোসেনে মা ময়না খাতুন বলেন, আজ রবিবার বিকাল সাড়ে তিনটার দিকে স্থানীয় গোরস্থানের পাশে কাঁঠাল গাছের পাতা কাটতে গিয়ে বিদ্যুস্পৃষ্ট হয়। তার পা এবং হাতে ক্ষত সৃষ্টি হয়েছে। গাছের মাথার উপর দিয়ে ১১ হাজার ভোল্টের মেইন লাইন গিয়েছে। তারের সাথে গাছের ডাল বেধে বিদ্যুৎ হয়ে গেছে গাছটি। নাইম গাছের উপর উঠে ওই ডালটিতে দাঁড়াতেই বিদ্যুৎস্পৃষ্ট হয় সে। আহত অবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। তার অবস্থা এখন আশংকামুক্ত বলে জানিয়েছেন চিকিৎসক।

মেহেরপুর জেলার মানুষের ভালোবাসা আমি চিরকাল মনে রাখব-বিদায়ী ডিসি

বিদায়ী জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম বলেন, মেহেরপুর জেলার মানুষের ভালোবাসা আমি চিরকাল মনে রাখব। আমি যেখানেই থাকি এ জেলার সার্বিক উন্নয়নে আমার সহযোগিতা থাকবে। মেহেরপুর জেলায় আমি যা কিছুই করেছি তা সবই ছিল আমার রুটিন ওয়ার্ক, বাকিটা মেহেরপুরবাসীর ভালোবাসা।

আজ রবিবার বিকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এভাবেই মনের অভিব্যক্তি প্রকাশন করেন জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

উপপরিচালক স্থানীয় সরকার মো: শামীম হোসেনের সভাপতিত্বে ও বিদায় অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাসের সঞ্চালনায় অনুষ্ঠিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান মহা: আব্দুস সালাম, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ রফিকুল ইসলাম, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জজকোর্টের

পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক অধ্যাপক সাইদুর রহমান, মেহেরপুর সাহিত্য পরিষদের সভাপতি নুরুল আহমেদ, বিএমএর সভাপতি ডাক্তার আবুল বাশার, মুক্তিযোদ্ধা আব্দুল হালিম, মেহেরপুর চেম্বার অফ কমার্সের সভাপতি আরিফুল এনাম বকুল, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে বিদায়ী জেলা প্রশাসক আজিজুল ইসলাম আরও বলেন, তিন মাস বা তিন বছর নয়, কাজের মনোভাব থাকলে তিন দিনেও অনেক কাজ করা যায়। সরকার যখন যেভাবে মনে করবে যে কোনো যায়গায় পদায়ন করবে। সেখানেই যেতে হবে। এটা আমরা যারা সরকারের কর্মচারী তারা মনে প্রানে ধারণ করি।

তিনি বলেন, আমি মাত্র তিন মাস এই জেলায় কাজ করতে গিয়ে যার কাছে সহযোগীতা চেয়েছি আমাকে তারাই সহযোগীতা করেছেন। এজন্য আমি জেলাবাসির কাছে অত্যন্ত কৃতজ্ঞ।

তিনি বলেন, এই জেলার মানুষ অত্যন্ত ভাল। এখানকার মানুষ যেটা চাই সেটা মন থেকেই চাই। জেলার উন্নয়নে সুশীল সমাজ থেকে শুরু করে জেলার রাজনৈতিক নেতৃবৃন্দ সবাই পজেটিভ।

আজিজুল ইসলাম বলেন, মানুষের সাথে মেশা আমার ছাত্র জীবন থেকেই। মানুষ না আসলে আমার ভাল লাগেনা। আমার বদলির কথা শুনে আমাকে অনেক মুক্তিযোদ্ধাবৃন্দ কল করেছেন। আমি তাদের কাছে কৃতজ্ঞ। আমার কাছে কেউ কোনো কাজে আসলে আমি চেষ্টা করেছি সেটা করার। না পারলেও তাকে সন্তোষ করে ফিরিয়ে দিয়েছি।

মেহেরপুর জেলায় শেষ বিকালের কিছু সময় সকল স্তুরের মানুষের সাথে দেখা করতেই এই আনুষ্ঠানিকতার আয়োজন। এর মধ্য দিয়েই মেহেরপুর থেকে বিদায় নিয়েছেন জেলা প্রশাসক (ডিসি) মোহাম্মদ আজিজুল ইসলাম। গত সোমবার (১০ জুলাই) সরকারি আদেশে তার বদলি হয়। তিনি গত এপ্রিল মাসে মেহেরপুর জেলা প্রশাসক হিসেবে যোগদান করেছিলেন।

এদিকে ডিসি আজিজুল ইসলামের বিদায়ে চোখ ভিজেছে জেলার সকল শ্রেণি পেশার মানুষের। অশ্রু ধরে রাখতে পারেননি তিনি নিজেও। ২৩ জুলাই ছেড়ে যাওয়ার মুহূর্তে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক আবেগঘন পরিবেশ সৃষ্টি হয়। জেলাবাসী ছাড়াও চোখের জলে বিদায় জানান তার সহকর্মীরাও।

মোহাম্মদ আজিজুল ইসলাম মেহেরপুরের জেলা প্রশাসক হিসেবে গত বছরের এপ্রিলে যোগদান করেন। স্বল্প কার্যকালে জেলার সব মানুষের হৃদয়ে জায়গা করে নিয়েছিলেন আলোচিত এই জেলা প্রশাসক। নানা কাজের জন্য প্রশংসা কুড়িয়েছেন জেলবাসির কাছে।

এসময় বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে বিদায়ী জেলা প্রশাসকের হাতে ক্রেষ্ট তুলে দেন স্ব স্ব সংগঠনের নেতৃবৃন্দ।

মেহেরপুরে সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের গণসংযোগ

বীর মুক্তিযোদ্ধা সাবেক সাংসদ প্রফেসর আব্দুল মান্নান মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন গ্রামে গণসংযোগ করেন।

আজ রবিবার বিভিন্ন গ্রামের প্রবীণ আওয়ামীলীগ নেতা এবং স্থানীয় ব্যাক্তিবর্গ ও নতুন প্রজন্মের সাথে সরকারের বিভিন্ন উন্নয়নসহ স্বাধীনতার পরবর্তী বিভিন্ন সময়ের রাজনৈতিক বিষয় নিয়ে আলোচনা করেন।

এসময় সুবিদপুর, বৈকন্টপুর, কুলবাড়িয়া, মনোহারপুর, উজলপুর, ফতেপুর,কান্দেবপুর, ইছাখালি, ঝাঝা, হরিরামপুর, গোভীপুর এসে দিনের কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

গণসংযোগ উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগ সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক খালেদুজ্জামান খান ডালিম। সদস্য সচিব সর্বস্তরে স্মৃতিসৌধ বাস্তবায়ন আন্দোলন কেন্দ্রীয় কমিটি ও সাধারণ সম্পাদক বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) মেহেরপুর জেলা শাখা মির্জা গালিব উজ্জ্বল, সহ সাধারণ সম্পাদক বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) মেহেরপুর জেলা শাখা রাশেদুজ্জামান সুজন, পরিবেশ আন্দোলন (বাপা) আবু তালহা বিন হাবিব জুয়েল, সভাপতি হরিরামপুর যুব উন্নয়ন সমিতি মোঃ সেলিম রেজা, সভাপতি থানা শ্রমিকলীগ মেহেরপুর সাজেদুর রহমান সাজু, হরিরামপুর যুবউন্নয়ন সমিতির সাধারণ সম্পাদক নয়ন আহামেদ, সাইদুর ইসলাম, ইকবাল হোসেন,

শেখ কায়সার হামিদ বুলবুল, রবিউল ইসলাম, আতিকুর রহমান টিপু, আব্বাস উদ্দিন, জিয়া, সুমন আহমেদ, গোলাম নবী, শফিকুর ইসলাম লিল্টু, হুমায়ূন কবির বাবু, মতিউর, আহসান হাবিব লাল মিয়া, হুমায়ূন কবির, মিরাজুল ইসলাম প্রমুখ।